



বাংলাদেশ-ভারত সীমান্তে পরিস্থিতি স্থিতিশীল: স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বাংলাদেশ-ভারত সীমান্তে সাম্প্রতিক সময়ে এমন কোনো ঘটনা ঘটেনি যা জাতীয় পর্যায়ে উদ্বেগের কারণ হতে পারে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, সীমান্ত পরিস্থিতি নিয়ন্ত্রণে রয়েছে এবং যেসব ছোটখাটো ঘটনা ঘটছে, সেগুলো নিয়মিত আলোচনার মাধ্যমেই সমাধান করা হচ্ছে।

মঙ্গলবার (২৬ মে) বাংলাদেশ পুলিশ হেডকোয়ার্টার্স-এ আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী জানান, সীমান্তে কোনো সমস্যা দেখা দিলে উভয় পক্ষ ফ্ল্যাগ মিটিংয়ের মাধ্যমে তা নিষ্পত্তি করে থাকে।

তিনি আরও বলেন, কয়েকটি বিচ্ছিন্ন ঘটনার বিষয়ে বিজিবি দ্রুত ব্যবস্থা নিয়েছে। সীমান্তে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তারাও তাৎক্ষণিকভাবে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছেন।

শেষে স্বরাষ্ট্রমন্ত্রী আরও জানান, দু-একটি জায়গায় পাল্টা গুলির মতো ঘটনা ঘটলেও তা সীমান্ত পরিস্থিতির স্বাভাবিক অংশ। এসব ঘটনা বড় আকার ধারণ করেনি এবং জাতীয় নিরাপত্তার জন্য কোনো ঝুঁকি তৈরি হয়নি।